

১৪/১০/২২
১০/১০/২২

৬৫৪
২৬/১০/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নম্বর-৫২.০১.০০০০.১০৪.১২.০০৬.০৩(অংশ-৩).১১.১০২১

তারিখ: ০১ কার্তিক, ১৪২৯
২৫ অক্টোবর, ২০২২

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (১০ম গ্রেড) পদ হতে ৯ম গ্রেডের পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার) পদে পদোন্নতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (১০ম গ্রেড) পদ হতে ৯ম গ্রেডের পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার) পদে পদোন্নতির লক্ষ্যে ফিডার পদধারীর পছন্দক্রম সম্বলিত নিম্নবর্ণিত তথ্যসহ আবেদনপত্র জরুরি ভিত্তিতে প্রয়োজন।

ক্রমিক নং	নাম ও পদবি	কর্মস্থল	পদোন্নতির পদ		মন্তব্য
			পরিসংখ্যান কর্মকর্তা (ক্যাডার)	পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার)	
১	২	৩	৪	৫	৬

০২। বর্ণিতাবস্থায়, উইং/জেলা/উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে কর্মরত সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাগণের নিজের পছন্দ নির্ধারণে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক মহোদয় বরাবর লিখিত আবেদনপত্র (৩ কপি) আগামী ৩১/১০/২০২২ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। ছকে বর্ণিত কলাম ৪ এবং ৫ উভয়ই পূরণ করতে হবে এবং উক্ত কলাম দু'টির কোনো একটিতে আগ্রহী ও অন্যটিতে অনাগ্রহী লিখতে হবে। পদোন্নতি গ্রহণে অনিচ্ছুক কর্মকর্তাগণের ক্ষেত্রে কলাম ৪ এবং ৫ এর উভয় কলামে অনাগ্রহী এবং কলাম ৬ এ "পদোন্নতি গ্রহণে অনিচ্ছুক" লিখতে হবে।

১৪/১০/২২

এস. এম. আনিসুজ্জামান
পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন: ০২-৫৫০০৭০৬৮

ই-মেইল: dir_fa&mis@bbs.gov.bd

বিতরণঃ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে:

- ০১) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)।
- ০২) পরিচালক (সকল).....উইং, বিবিএস, ঢাকা (অধীন সকল সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাগণের আবেদনপত্রসমূহ সারসংক্ষেপসম্বলিত অগ্রায়ণপত্রের মাধ্যমে প্রেরণ করার অনুরোধসহ)।
- ০৩) যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়..... (অধীন সকল সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাগণের আবেদনপত্রসমূহ সারসংক্ষেপসম্বলিত অগ্রায়ণপত্রের মাধ্যমে প্রেরণ করার অনুরোধসহ)।
- ০৪) উপপরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয়.....(অধীন সকল সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাগণকে অবহিতকরণসহ প্রাপ্ত আবেদনপত্রসমূহ সারসংক্ষেপসম্বলিত অগ্রায়ণপত্রের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধসহ)।
- ০৫) সংশ্লিষ্ট ব্যক্তি জনাব/বেগম....., সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,.....।
- ০৬) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- ০৭) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- ০৮) অফিস কপি